হরমুজ প্রণালীতে ব্রিটিশ ট্যাংকার আটক করেছে ইরান

ব্রিটেনের একটি তেল ট্যাংকার আটক করেছে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী বা আইআরজিসি। হরমুজ প্রণালীতে আন্তর্জাতিক সামুদ্রিক আইন লঙ্ঘন করার দায়ে ট্যাংকারটিকে আটক করা হয়েছে।

আইআরজিসি’র জনসংযোগ দপ্তর শুক্রবার রাতে এক বিবৃতিতে বলেছে, ইরানের হরমুজগানের বন্দর ও সামুদ্রিক যান চলাচল বিষয়ক সংস্থার অনুরোধে ‘স্টেনা ইমরো’ নামের একটি ব্রিটিশ তেল ট্যাংকার আটক করা হয়েছে। আন্তর্জাতিক সামুদ্রিক আইনের প্রতি সম্মন না দেখানোয় ইরানের ওই সংস্থা তেল ট্যাংকারটি আটকের অনুরোধ জানায় বলে বিবৃতিতে জানানো হয়েছে।

আটক তেল ট্যাংকারটিকে উপকূলে আনা হয়েছে। আইনি প্রক্রিয়া চলছে। ট্যাংকারটিতে তল্লাশি চালানো হবে বলেও জানা গেছে।

হরমুজগানের বন্দর ও সামুদ্রিক যান চলাচল বিষয়ক সংস্থার ব্যবস্থাপনা পরিচালক আল্লাহমোরাদ আফিফিপোর বলেছেন, ব্রিটিশ তেল ট্যাংকার স্টেনা ইমরো’র কারণে বিপদ হতে পারে এমন দাবির পর সেটি আটক করা হয়। তিনি বলেন, এজন্য আমরা সামরিক বাহিনীর কাছে সাহায্য চাইলে তারা ওই ট্যাংকারটি প্রয়োজনীয় তদন্তের জন্য বন্দর আব্বাসের দিকে নিয়ে যায়।

হরমুজ প্রণালীতে ইরানি ড্রোন ধ্বংসের মার্কিন দাবিকে মিথ্যা প্রমাণিত করে ভিডিও ফুটেজ প্রকাশের কিছু সময় পরই আইআরজিসি ব্রিটিশ তেল ট্যাংকার আটকের খবর দিলো।

এদিকে জিব্রালটার প্রণালীতে ইরানের একটি তেল ট্যাংকার আটকে রেখেছে ব্রিটিশ সরকার।